

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
নড়াইল জেলা কার্যালয়, নড়াইল।
www.dncrp.narail.gov.bd

স্মারক নম্বর-২৬.০৪.৬৫০০.৭০৮.৩৩.০০১.১৯.১৬

তারিখ: ০৬.০৫.১৯১৯

বিষয় : পবিত্র মাহে রমজানে মানসম্মত খাদ্যসামগ্রী তৈরি ও বিক্রয়

উর্পযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র মাহে রমজানে ভোক্তার স্বার্থে হোটেল রেস্তোঁরাসমূহে স্বাস্থ্যকর পরিবেশে ও পরিচ্ছন্নভাবে মানসম্মত খাদ্যসামগ্রী তৈরি ও বিক্রয় নিশ্চিত করা একান্ত প্রয়োজন। এ লক্ষ্যে কতিপয় সাধারণ নির্দেশনা প্রদান করা হলো:

- ১। খাদ্যে ক্ষতিকর রাসায়নিক দ্রব্য, ঘনচিনি, স্যাকারিন, হাইড্রোজ ও পোড়া তেল ব্যবহারে বিরত থাকুন।
- ২। মেয়াদ উত্তীর্ণ পণ্য, খেজুর, সার মিশ্রিত মুড়ি, ফরমালিন/কার্বাইডযুক্ত ফলমূল/খাদ্য সামগ্রী বিক্রয় বন্ধ করুন।
- ৩। রাস্তার পাশে খোলা জায়গায় ও অস্বাস্থ্যকর পরিবেশে ইফতারি/খাদ্য সামগ্রী তৈরি এবং বিক্রি বন্ধ করুন।
- ৪। ধুলো-বালি, মাছি, যানবাহনের বিষাক্ত ধোঁয়া ইত্যাদির হাত থেকে ইফতার সামগ্রী রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন।
- ৫। ভেজাল সামগ্রী ও নিষিদ্ধ রং যুক্ত খাবার সামগ্রী তৈরি এবং বিক্রয় বন্ধ রাখুন।
- ৬। অনিরাপদ পানি দ্বারা শরবত তৈরি ও বিক্রয় করা থেকে বিরত থাকুন।
- ৭। রেফ্রিজারেটরে কাঁচা মাছ-মাংসের সাথে সবজি, অর্ধরান্না খাবার একত্র রাখা হতে বিরত থাকুন।
- ৮। বাসি খাদ্যসামগ্রী পরিবেশন করা হতে বিরত থাকুন।
- ৯। তৈরিকৃত খাদ্যসামগ্রী ফ্লোর/মেঝেতে ফেলে রাখা হতে বিরত থাকুন।
- ১০। মেয়াদ উত্তীর্ণ খাদ্যদ্রব্য বিক্রয়, প্রদর্শন ও সংরক্ষণ হতে বিরত থাকুন।
- ১১। মেয়াদ উত্তীর্ণ উপকরণ ব্যবহার করে খাদ্যদ্রব্য উৎপাদন হতে বিরত থাকুন।
- ১২। নিরাপদ পানি ব্যবহার ও পরিবেশন নিশ্চিত করুন।
- ১৩। নির্ধারিত মূল্য অপেক্ষা বেশি মূল্যে পণ্য বিক্রয় হতে বিরত থাকুন।
- ১৪। পণ্যের মূল্য তালিকা প্রদর্শন করুন।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

সভাপতি/ সাধারণ সম্পাদক

বাংলাদেশ রেস্তোঁরা মালিক সমিতি, নড়াইল।

১২/০৫/১৯

মোহাম্মদ মামুনুল হাসান
সহকারী পরিচালক(অতি. দা.)
মোবাইল: ০১৭১৫-৬৫৫২৯৪
ad-narail@dncrp.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক (অতি. সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইল।
- ৩। উপপরিচালক(উপ সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নড়াইল সদর /লোহাগড়া/কালিয়া, নড়াইল।
- ৫। স্বতাধিকারী/ম্যানেজার,.....
- ৬। অফিস কপি।